# পঞ্চম উপজেলা পরিষদের ৫০ তম সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব আব্দুল মোমিন চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলনকক্ষ, কানাইঘাট
তারিখ : ১৮ জুলাই ২০২৩
সময় : সকাল ১০.০০ ঘটিকা

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা ; পরিশিষ্ট "ক এবং খ"।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে মুখ্য নির্বাহী কর্মকর্তা কর্তৃক বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ ও অনুমোদিত হয়। অত:পর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচ্য বিষয়/বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, আন্ত: বিভাগ ঃ নরমাল ডেলিভারী ৩৪ জন, মোট ভর্তি ৪০ জন, রের্ফাড ০৪ জন, আন্ত: বিভাগের মোট ভর্তিকৃত সেবাগ্রহীতা ৫৫২ জন। জরুরী বিভাগে মোট সেবা গ্রহীতা ৯০৪ জন, বহি:বিভাগে সেবাগ্রহীতা ৫৯২৮ জন।<br>ডেঙ্গু আপডেট - ডেঙ্গু পজেটিভ রোগী ০৪ জন ।<br>কোভিট আপডেট - ভেক্সিন ১ম ডোজ ২,০৭,৭৫৬ জন,২য় ডোজ ২,৬৭,,১৫৬ জন, ৩য় ডোজ ৮৮,৬৫৯ জন, ৪র্থ বোস্টার ডোজ ১৭৬৪ জনের মধ্যে প্রদান করা হয়েছে বলে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০২ | আইন-শৃঙ্খলা বিভাগ | অফিসার ইনচার্জ কানাইঘাট থানা সভায় জানান যে, গত কিছুদিন পূর্বে চোরাচালান মালামাল চিনি ও অফিসার মদ আটক করা হয়েছে। কানাইঘাট থানা কর্তৃক বিভিন্ন মামলার আসামী, ওয়ারেন্টভুক্ত আসামীদের আটক করা হচ্ছে বলে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | অফিসার ইনচার্জ কানাইঘাট থানা কানাইঘাট, সিলেট |
| ০৩ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, বঙ্গবন্ধু প্রাথমিক বিদ্যালয় গোল্ডকাপ ফুটবল ও বঙ্গমাতা শেখ ফজিলাতুননেচ্ছা মুজিব প্রাথমিক বিদ্যালয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট ইউনিয়ন পর্যায়ে শুরু হবে এবং ইউনিয়ন পর্যায়ের বিজয়ী দল উপজেলা পর্যায়ে অংশগ্রহণ করবে। চলতি মাসের শেষ সপ্তাহে উপজেলা পর্যায়ে খেলা শুরু হবে। উক্ত খেলায় সুষ্ঠু ও সুন্দরভাবে সমাপ্ত করার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | করেন। | | |
| ০৪ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, মাধ্যমিক শিক্ষা বিভাগের সকল কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৫ | স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা কৃষি অফিসের পুরাতন একটি গোডাউন ভাঙ্গা ও অপসারণের জন্য ৫৯,৩৬২/-(উনষাঁট হাজার তিনশত বাষট্টি) টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে বলে সভাকে অবহিত করেন।<br><br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানের অফিসের সাথে বাতরুম নির্মাণ, মহিলা ভাইস চেয়ারম্যানের অফিসে বাতরুম মেরামত করণ বাবদ ১,৬৩,৭৯০/-(এক লক্ষ তেষট্টি হাজার সাতশত নব্বই) টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে বলে সভাকে অবহিত করেন। | ক) উপজেলা কৃষি অফিসের পুরাতন একটি গোডাউন ভাঙ্গা ও অপসারণের জন্য ৫৯,৩৬২/-(উনষাঁট হাজার তিনশত বাষট্টি) টাকার প্রাক্কলন মোতাবেক নিলামের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>খ) উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানের অফিসে বাতরুম নির্মাণ ও মহিলা ভাইস চেয়ারম্যানের অফিসে বাতরুম মেরামত করণ ব্যয় বাবদ ১,৬৩,৭৯০/-(এক লক্ষ তেষট্টি হাজার সাতশত নব্বই) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে। | উপজেলা প্রকৌশলী কানাইঘাট, সিলেট |
| ০৬ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, অত্র উপজেলায় মাঠে বর্তমানে ৩,৬৫০ হেক্টর আমন বীজতলা রয়েছে। বন্যার প্রস্তুতি হিসেবে দেরীতে বপন ও রোপন যোগ্য আমন বীজ ডিলার পর্যায়ে মজুদ রাখা আছে এবং পর্যাপ্ত সারও মজুদ রয়েছে।<br><br>তিনি সভায় আরোও জানান যে, উপজেলা পরিষদের এডিপির ২০২৩-২০২৪ খাত হইতে তাল গাছ ও খেজুর গাছের চারা ক্রয় এবং বিতরণের জন্য সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৭ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৩ আগামী ২৪ জুলাই হতে ৩০ জুলাই ২০২৩ তারিখে দেশব্যাপী" জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৩ উদ্‌যাপিত হবে। এ উপলক্ষ্যে অত্র উপজেলায় প্রতি বছরের ন্যায় ২৪ জুলাই হতে ৩০ জুলাই পর্যন্ত মোট ০৭ (সাত) দিন ব্যাপী বর্ণাট্য র‍্যালি ও উদ্বোধনী অনুষ্ঠানসহ বিভিন্ন কর্মসূচির আয়োজন করা হয়েছে বলে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৮ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, সারা বাংলাদেশ ব্যাপক আকারে ছড়িয়ে পড়া লাম্পি স্কিন ডিজিজ এর অবস্থায় কানাইঘাট এ বর্তমানে অনেক নিয়ন্ত্রণে রয়েছে বলে সভাকে অবহিত করেন।<br>গবাদি পশু-পাখিকে টিকা প্রদান কর্মসূচির মাধ্যমে সরকার কর্তৃক প্রদত্ত সকল ধরনের টিকা প্রদান করা হচ্ছে বলে সভাকে অবহিত | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | করেন।<br>দুধ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে খামারীকে উন্নত জাতের ঘাস চাষের বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হয়েছে বলে সভাকে অবহিত করেন।<br><br>নতুন খামারীদের উদ্ধুদ্ধ করার জন্য প্রাণি সম্পদ দপ্তর থেকে বিভিন্ন রকম খামার বিষয়ক পরামর্শ প্রদান করা হচ্ছে বলে সভাকে অবহিত করেন। | | |
| ০৯ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, সমাজ সেবা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত সামাজিক নিরাপত্তা কর্মসূচি বয়স্কভাতা, বিধাবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, প্রতিবন্ধীভাতা সহ অন্যান্য ভাতার উপকারভোগীর লাইফ ভেরিফিকেশন করার নির্দেশনা রয়েছে। উক্ত কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ সহযোগিতা করার জন্য সভাকে অনুরোধ জানান। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১০ | দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে টিআর এর কাজ ১০০%,কাবিটা নগদ ১০০%,কাবিখা (গম) ৯৮.৮%,কাবিখা চাল ৯৯.১%,গৃহ ১৮ টি ১০০% সম্পন্ন করা হয়েছে বলে সভাকে অবহিত করেন।<br><br>তিনি আরোও জানান যে, টেউটিন প্রদান করা হয়েছে ১২০ বান্ডিল ও সাথে ৩,৬০,০০০.০০ টাকা। কম্বল বিতরণ করা হয়েছে ৪৯০০ পিস ও ২,০০,০০০/- দিয়ে আরোও ৭৫০ পিস। ভিজিএফ ১ম পর্যায় ৯০০৩ টি কার্ড ও ২য় পর্যায়ে ৯০২২ টি কার্ড। ভিজিএফ পৌরসভা ১ম পর্যায় ৩০৮১ টি কার্ড ও ২য় পর্যায়ে ৩০৮১ টি কার্ড। জিআর চাল ও টাকা উপকাভোগী ১২,৪১৭ জন বলে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১১ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১২ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ভিডব্লিউবি কার্যক্রম : উক্ত কার্যক্রমের আওতায় গত মাসে ১২৫০ জন উপকারভোগীদের মধ্যে জনপ্রতি ৩০ কেজি হারে পুষ্টি চাউল বিতরণ করা হয়েছে। চুক্তিবদ্ধ এনজিও উপকারভোগীদেরকে নিয়োগ না হওয়ায় জীবন দক্ষতা মূলক প্রশিক্ষণ কার্যক্রম বন্ধ রয়েছে। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | বরাদ্দ পাওয়ার সাথে সাথে কার্যক্রম শুরু করা হবে বলে সভাকে অবহিত করেন।<br><br>মা ও শিশু সহায়তা কর্মসূচি : উক্ত কর্মসূচির আওতায় পৌরসভায় ১৫৫৩ জন এবং ইউনিয়ন পর্যায়ে ৮১২২ জন সর্বমোট ৯৬৭৫ জন উপকারভোগী রয়েছে। জুলাই - ২০২২ হতে জুন ২০২৩ পর্যন্ত তাদের ভাতা বাবদ ৮০০/- করে স্ব-স্ব একাউন্টে জমা হয়েছে। ২০২৩-২০২৪ অর্থ বছরের কোন বরাদ্দ এখনো পর্যন্ত পাওয়া যায়নি। উপকারভোগীদের প্রশিক্ষণ কার্যক্রম সচিবালয়ের নির্দেশনা মোতাবেক স্থগিত রাখা হয়েছে।<br><br>মহিলাদের আত্ম কর্মস্থানের জন্য ক্ষুদ্রঋণ কর্মসূচি : মোট ঋণ গ্রহীতা ০৮(আট) জন,ঋণ বিতরণ ৭,৪০,০০০/- টাকা ঋণ আদায় হয়েছে।<br><br>কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প : পৌরসভাসহ ইউনিয়নে মোট ০৯ টি ক্লাব রয়েছে। ২০ জন কিশোরী ও ১০ জন কিশোর সদস্য নিয়ে এই ক্লাবগুলোর কার্যক্রম পরিচালিত হচ্ছে। সংগীত শিক্ষক ও আবৃত্তি শিক্ষক এবং জেন্ডার প্রমোটার এর মাধ্যমে ক্লাবের কার্যক্রম সপ্তাহে ০২(দুই) দিন বাস্তবায়িত হচ্ছে এবং ক্লাব চলাকালীন সময়ে ক্লাব সদস্যদেরকে জনপ্রতি ৩০(ত্রিশ) টাকা প্রদান করা হয়ে থাকে।<br><br>আইজিএ প্রকল্পের মেয়াদ শেষ হওয়ায় মহিলাদের প্রশিক্ষণ কার্যক্রম বন্ধ রয়েছে বলে সভাকে অবহিত করেন। | | |
| ১৩ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | সভায় যথাসময়ে উপস্থিত থাকতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৪ | আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, আলোচ্যমাসে অত্র উপজেলা হতে ১৭ (সতের) জন সদস্য অস্ত্রসহ মৌলিক প্রশিক্ষণ ও ০২(দুই) জন সদস্য ড্রাইভিং প্রশিক্ষণের জন্য জেলা আনসার ভিডিপি কার্যালয়ে পাঠানো হয়েছে।<br><br>নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল সিলেট | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | থেকে আগত ০৩(তিন) টি মামলার তদন্ত প্রতিবেদন সিনিয়র জেলা জজ বরাবর পাঠানো হয়েছে বলে সভাকে অবহিত করেন। | | |
| ১৫ | পল্লীবিদ্যুৎ সমিতি -২ | উপজেলা ডিজিএম পল্লীবিদ্যুৎ সমিতি - ২ বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | সভায় যথাসময়ে উপস্থিত থাকতে হবে। | ডিজিএম পল্লীবিদ্যুৎ সমিতি -২ কানাইঘাট, সিলেট |
| ১৬ | তথ্য আপা প্রকল্প | উপজেলা তথ্য আপা কর্মকর্তা সভায় জানান যে, ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্য তথ্য যোগাযোগ প্রকল্প (২য় পর্যায়) ডোর টু ডোরের মাধ্যমে মহিলাদের সেবা প্রদান করা হচ্ছে। আমরা ১৪৭০০০ গ্রামীণ নারীদের সেবা দেওয়ার টার্গেট ছিল । কিন্তু আমাদের সেবার সংখ্যা তার উপরে রয়েছে। প্রতি মাসে ০২(দুই)টি উঠান বৈঠক করা হচ্ছে বলে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | তথ্য আপা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৭ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৮ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, প্রশিক্ষণ - ২০২২-২০২৩ অর্থ বৎসরের লক্ষ্যমাত্রা অনুযায়ী ০৭(সাত)টি ব্যাচে মোট ২১০ জন বেকার যুবকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং নতুন অর্থ বৎসরের লক্ষ্যমাত্রা এ.পি.এ অনুযায়ী বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রশিক্ষণ শুরু করা হবে বলে সভাকে অবহিত করেন।<br><br>যুবঋণ : ২০২২-২০২৩ অর্থ বৎসরের লক্ষ্যমাত্রা অনুযায়ী মোট ৩১ জনকে মোট ১৪,১০,০০০/- (চৌদ্দ লক্ষ দশ হাজার) টাকা বিতরণ করা হয়েছে বলে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৯ | বন বিভাগ | উপজেলা বিট কর্মকর্তা সভায় জানান যে, বর্তমান বর্ষার মৌসুমে কানাইঘাট বিটের মুলাগুল ক্যাম্পের রিজার্ভ বনভূমির চতুরপার্শ্বে বন্যার পানিতে প্লাবিত হওয়ায় গাছ চুরি বা গাছ পাচারের সম্ভবনার আশংকা রয়েছে। জনবল স্বল্পতার কারণে তাৎক্ষনিক ভাবে গাছ কর্তন ও পাঁচার রোধ বেশ দুরসাধ্য, এমতাবস্থায় সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা বিট কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ২০ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান, মানব সম্পদ উন্নয়নে গ্রামীণ পানি সরবরাহ প্রকল্পের আওতায় পাবলিক টয়লেট ০৪(চার)টি কমিনিউটি টয়লেট ০৬(ছয়)টি এর কাজ চলমান রয়েছে। উক্ত প্রকল্পের আওতায় ০৯ (নয়) ইউনিয়নে ০৯(নয়) টি হ্যান্ড ওয়াশিং স্টেশন স্থাপনের কাজ চলমান রয়েছে। ২ নং | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) কানাইঘাট, সিলেট |

| | | | | |
|---|---|---|---|---|
| | | লক্ষীপ্রসাদ পশ্চিম ইউনিয়নে কালীমন্দিরে ১ (এক)টি সাইট দেওয়া হয়েছে। কিন্তু এখানে কয়েকবার চেষ্টা করে ও নলকূপ স্থাপন করা সম্ভব হয় নাই। এ অবস্থায় উক্ত সাইট পরিবর্তন করার জন্য সভাকে অনুরোধ জানান। | | |
| ২১ | খাদ্য নিয়ন্ত্রক বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | সভায় যথাসময়ে উপস্থিত থাকতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কানাইঘাট, সিলেট |
| ২২ | পল্লী সঞ্চয় ব্যাংক | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা সভায় জানান যে, পল্লী সঞ্চয় ব্যাংক কানাইঘাট শাখায় হত দরিদ্রের মাঝে ঋণ বিতরণ, ঋণ আদায় ও সঞ্চয় আদায়ের কার্যক্রম চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ২৩ | জন্ম-মৃত্যু নিবন্ধন | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, জন্ম ও মৃত্যু নিবন্ধন সনদ একজন নাগরিকের অত্যন্ত গুরুত্বপূর্ণ দলিল। সভায় জন্ম ও মৃত্যুর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন করার জন্য গুরুত্বারোপ করা হয়। এছাড়াও অভিনন্দন বার্তা ও শোক বার্তার সাথে নিবন্ধন ফরম প্রেরণ করতে হবে এবং ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করতে হবে। ইউনিয়ন পর্যায়ে নিয়মিত জন্ম ও মৃত্যু টাস্কফোর্স কমিটির সভা আয়োজন করে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে। | (ক) অভিনন্দন বার্তা ও শোক বার্তার সাথে নিবন্ধন ফরম প্রেরণ করে দিনের মধ্যে নিবন্ধন নিশ্চিত করতে হবে এবং প্রতি মাসে লক্ষ্যমাত্রা পূরণ করতে হবে।<br><br>(খ) ইউনিয়ন পর্যায়ে প্রতিমাসে জন্ম ও মৃত্যু টাস্কফোর্স কমিটির সভা আয়োজন করতে হবে। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) কানাইঘাট, সিলেট |
| ২৪ | গ্রাম আদালত পরিচালনা | আলোচ্যমাসে গ্রাম আদালত পরিচালনায় দায়েরকৃত মামলার সংখ্যা ১৬ টি, নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা ০৭ টি এবং ২৪৫ টি মামলা অনিষ্পত্তি অবস্থায় রয়েছে। সভাপতি জনভোগান্তি কমিয়ে আনা ও আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার স্বার্থে সকল ইউপির অনিষ্পন্ন মামলাগুলো দ্রুত নিষ্পত্তি করতে ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করেন। | (ক) সকল অনিষ্পন্ন মামলা দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>(খ) গ্রাম আদালতগুলো সক্রিয় করার জন্য জনসচেতনতা বৃদ্ধি করতে হবে। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) কানাইঘাট, সিলেট |
| ২৫ | তথ্য অধিকার আইন,২০০৯ বাস্তবায়ন | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, তথ্য অধিকার আইনের বিষয়ে উপজেলার সকল সরকারি দপ্তর; বেসরকারী প্রতিষ্ঠান সমূহ; সকল এনজিও, সকল ইউনিয়ন পরিষদ এবং এমপিওভূক্ত স্কুল, কলেজ, মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়/তথ্য প্রদান ইউনিটে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ ও আপীল কর্তৃপক্ষ নির্ধারণ করার নির্দেশনা রয়েছে। তাছাড়া দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদেরকে অনলাইনে নিবন্ধন কার্যক্রম সম্পন্ন শেষে অনলাইনে সার্টিফিকেট সংগ্রহ করার অনুরোধ জানান। পাশাপশি সকল ইউনিয়ন পরিষদসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানকে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ করে উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিতকরণসহ আপীল কর্তৃপক্ষের তথ্যাদি স্ব-স্ব ওয়েব পোর্টাল আপলোড করার অনুরোধ জানান। | তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী জনগণের তথ্য জানার অধিকার নিশ্চিত করতে হবে। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপীল কর্তৃপক্ষ জরুরী ভিত্তিতে নিয়োগ পূর্বক আনলাইন নিবন্ধন কার্যক্রম সম্পন্ন শেষে অনলাইন সার্টিফিকেট দাখিল করতে হবে।<br><br>এমপিভুক্ত স্কুল কলেজ,মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) ও আপীল কর্তৃপক্ষ নির্ধারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সকল সরকারি/ বেসরকারি দপ্তর ও প্রতিষ্ঠান সমূহ; সকল এনজিও; সকল ইউনিয়ন পরিষদ এবং এমপিভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ২৬ | বিবিধ | ১. সভায় উপজেলা পরিষদের চাহিদার ভিত্তিতে (ক) উপজেলা পরিষদের জীপগাড়ী মেরামত ও জ্বালানী ব্যয়; (খ) উপজেলা পরিষদ চেয়ারম্যান /ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের সম্মানী ভাতা /ভ্রমণ ভাতা; (গ) মালি, ও পরিষ্কার পরিচ্ছন্নতা কর্মী ও পাম্প চালকের বেতন ভাতা বাবদ (ঘ) উপজেলার পরিষদের আপ্যায়ন ও আনুষাংগিক বাবদ ব্যয়;(ঙ) উপজেলা পরিষদ কার্যালয়ে ইলেকট্রিক লাইন মেরামত বাবদ (চ) উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানদের অফিসে আসবাবপত্র ক্রয় বাবদ ব্যয় উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের লক্ষ্যে অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | উপস্থাপিত প্রকল্পসমূহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বিধি মোতাবেক ব্যয় নির্বাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা প্রকৌশলী কানাইঘাট, সিলেট |

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

আব্দুল মোমিন চৌধুরী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা
কানাইঘাট, সিলেট।

স্মারক নম্বর: ৪৬.৪৬.৯১৫৯.০০০.০০.০১৮.২২. ২১৭(৩৬) তারিখ: ০৩ শ্রাবণ ১৪৩০ / ১৮ জুলাই ২০২৩

১। মাননীয় সংসদ সদস্য, ২৩৩, সিলেট-৫ নির্বাচনী এলাকা
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা
৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট
৪। জেলা প্রশাসক, সিলেট
৫। উপপরিচালক, স্থানীয় সরকার, সিলেট
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট
৭। মেয়র কানাইঘাট পৌরসভা, কানাইঘাট, সিলেট
৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট
৯। উপজেলা --------------------------------- কর্মকর্তা (সকল), কানাইঘাট, সিলেট
১০। চেয়ারম্যান , -------------------------------- ইউনিয়ন পরিষদ (সকল), কানাইঘাট, সিলেট
১১। জনাব ------------------------------------- কানাইঘাট, সিলেট
১২। অফিস কপি

সুমন্ত ব্যানার্জি
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ

CamScanner

## সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা

| ক্রমিক | নাম | পদবী/ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব সুমন্ত ব্যানার্জি | উপজেলা নির্বাহী অফিসার,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০২ | জনাব লুৎফুর রহমান | মেয়র,কানাইঘাট পৌরসভা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৩ | জনাব মাওলানা আব্দুল্লাহ শাকির | ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৪ | জনাব মোছাঃ খাদিজা বেগম | ভাইস চেয়ারম্যান (মহিলা) ,উপজেলা পরিষদ,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৫ | জনাব মোঃ জামাল উদ্দি | চেয়ারম্যান,০২ নং লক্ষীপ্রসাদ পশ্চিম ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৬ | জনাব মো ঃ আবু তাইয়ীব | চেয়ারম্যান,০৪ নং সাঁতবাক ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৭ | জনাব মো: আব্দুল মালিক চৌধুরী | চেয়ারম্যান,০৫ নং বড়চতুল ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৮ | জনাব মো: আফসার উদ্দিন | চেয়ারম্যান,০৬ নং কানাইঘাট সদর ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৯ | জনাব মোঃ লোকমান উদ্দিন | চেয়ারম্যান,০৭ নং দক্ষিণ বাণীগ্রাম ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১০ | জনাব আবু বকর | চেয়ারম্যান,০৮ নংঝিংঙ্গাবাড়ী ইউ/পি, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১১ | জনাব সামছুল ইসলাম | চেয়ারম্যান,০৯ নং রাজাগঞ্জ ইউ/পি, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১২ | জনাব ডাঃ রিয়াজ মাহমুদ তমাল | প্রতিনিধি উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তার,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৩ | জনাব মোঃ এমদাদুল হক | উপজেলা কৃষি কর্মকর্তা, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৪ | জনাব মো: সফিকুল হক ভুইয়া | উপজেলা মৎস্য কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৫ | জনাব ডা: নবনিতা সরকার | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৬ | জনাব গোলাম দস্তগীর | অফিসার ইনচার্জ, কানাইঘাট থানা, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৭ | জনাব মো: আবু হানিফা | উপজেলা প্রকৌশলী,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৮ | জনাব গোপাল সূত্রধর | উপজেলা শিক্ষা কর্মকর্তা(ভারপ্রাপ্ত),কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৯ | জনাব সাখাওয়াত হোসেন | প্রতিনিধি উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২০ | জনাব মোহাম্মদ জহিরুল ইসলাম | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২১ | জনাব মো: কামাল উদ্দিন | প্রতিনিধি উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার ,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২২ | জনাব মো : জিলানী | উপজেলা সমাজসেবা কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৩ | জনাব শামছুন্নাহার | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৪ | জনাব আব্দুল আওয়াল | প্রতিনিধি উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তার,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৫ | জনাব মোস্তাফিদুল হক | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তার,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৬ | জনাব মো: জয়নুল ইসলাম | উপজেলা বিট কর্মকর্তা কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৭ | জনাব উজ্জ্বল ভট্টাচার্য্য | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৮ | জনাব পনিরুজ্জামান | উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য),কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ২৯ | জনাব মো: জামাল উদ্দিন | উপজেলা সমবায় কর্মকর্তা কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ৩০ | জনাব মো: এনামুল হক | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ৩১ | জনাব মোছা: ফাহমিদা খানম | উপজেলা তথ্য আপা কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ৩২ | জনাব মোহাম্মদ ফারুক আহমদ | ইউডিএফ উপজেলা পরিচালন উন্নয়ন প্রকল্প,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |

## সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট - খ

| ক্রমিক | পদবী/ঠিকানা |
|---|---|
| ০১ | চেয়ারম্যান,০১ নং লক্ষীপ্রসাদ পূর্ব ইউ/পি,কানাইঘাট,সিলেট |
| ০২ | চেয়ারম্যান,০৩ নং দিঘিরপাড় ইউ/পি,কানাইঘাট,সিলেট |
| ০৩ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক,কানাইঘাট,সিলেট |
| ০৪ | উপজেলা ডিজিএম পল্লীবিদ্যুৎ সমিতি -২, কানাইঘাট,সিলেট |
| ০৫ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,কানাইঘাট,সিলেট |

CS CamScanner